তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ২

রাজশাহী বিশ্ববিদ্যালয়

# ২০০০ সাল ছিল একাডেমিক কার্যক্রমের সফল বছর

মাজেদুল ইসলাম সুইট, রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বিদায়ী ২০০০ সাল ছিল রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে ব্যাপক সফলতার বৎসর। একাডেমিক কার্যক্রম দ্রুত সম্পন্ন হইয়া এই বৎসরে রাজশাহী বিশ্ববিদ্যালয় বেশ কয়েকটি ক্ষেত্রে গুরুত্বপূর্ণ সফলতা (১৩শ পৃঃ ৮ -এর কঃ দ্রঃ)

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

(৩য় পৃঃ পর)

অর্জন করিয়াছে। রাজশাহী বিশ্ববিদ্যালয় ২০০০ সালে তেমন কোন অনির্ধারিত ক্লাস বন্ধের কারণে সেশনজটের শিকার হয় নাই। কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদের ছাত্র-ছাত্রীরা সেমিস্টার পদ্ধতি বহাল রাখার দাবীতে গত আগস্ট মাসে ক্লাস বর্জন কর্মসূচী পালন করে। কর্তৃপক্ষ ঐ অনুষদে সেশনজট সৃষ্টি হইতে পারে দেখিয়া ক্লাস বর্জনের ১৫ দিনের মাথায় ছাত্র-ছাত্রীদের দাবী মানিয়া নিলে তাহারা পুনরায় ক্লাসে যোগ দেয়। অন্যদিকে ছাত্রদল রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা কয়েকটি গুরুত্বপূর্ণ দাবীতে ২ দিন ধর্মঘট ডাকিলে কর্তৃপক্ষ তাহাদের দাবী মানিলে তাহারাও ধর্মঘট বাতিল করে। ইহা লইয়া গত বৎসরে মাত্র ২৫ দিন বিশ্ববিদ্যালয় অনির্ধারিত বন্ধের শিকার হয়। কিন্তু কর্তৃপক্ষ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ এই বন্ধের কারণে অতিরিক্ত ক্লাস নিয়া যথাসময়ে পরীক্ষা গ্রহণ করে। ফলে বিন্দুমাত্র সেশনজটের সৃষ্টি হয় নাই। অন্যদিকে এ বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ, ছাত্রদল, ছাত্রশিবিরসহ সকল রাজনৈতিক দলই বর্তমানে ক্লাস-পরীক্ষার প্রতি খুবই সজাগ। তাহারা এখন রাজনীতি অপেক্ষা ক্লাশ-পরীক্ষায় গুরুত্ব বেশী দেওয়ায় কোনরকম সেশনজটের সৃষ্টি হইতেছে না।

বিদায়ী ২০০০ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগ হইতেই গড়ে ২টি করিয়া মাষ্টার্স শেষবর্ষের পরীক্ষা হইতেছে। ফলে ছাত্রছাত্রী হ্রাস পাওয়ায় আবাসিক সমস্যা হ্রাস পাইয়াছে। এ বৎসর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নূতন একটি অনুষদসহ ৪টি বিভাগ খুলিয়াছে এবং সেগুলির কার্যক্রম চালু করিয়াছে। ইহাছাড়া আইবিএসসহ তিনটি ইনস্টিটিউটও চালু করিয়াছে। এই বৎসরে ২টি সেশনের প্রথমবর্ষ অনার্সের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে। সব মিলাইয়া ২০০০ সালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম ছাত্র-শিক্ষকসহ সকলের প্রচেষ্টায় ব্যাপক সফলতার সহিত পরিচালিত হইয়াছে।